২৪৭

দৈনিক সংবাদ

তারিখ DEC 13 1999
পৃষ্ঠা 2 কলাম 6

ঢাঃ বিঃ সমাবর্তন

# রাষ্ট্রপতিকে উদ্বোধনের জন্য আনুষ্ঠানিক আমন্ত্রণ জানানো হয়েছে

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট ও সিন্ডিকেট সদস্য এবং একাডেমিক কাউন্সিলরদের ১২ সদস্যের একটি প্রতিনিধিদল রোববার বঙ্গভবনে রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদের সঙ্গে সাক্ষাৎ করেছেন। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ এ কে আজাদ চৌধুরী। বাসস ও ইউএনবি।

প্রতিনিধিদলের সদস্যরা রাষ্ট্রপতিকে এ বছরের সমাবর্তনের প্রস্তুতি সম্পর্কে অবহিত করেন। আগামী ১৮ই ডিসেম্বর এ সমাবর্তন হবে। রাষ্ট্রপতি সাহাবুদ্দীন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরও।

প্রতিনিধিরা বলেন, স্বাধীনতার পর এটিই ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন। জাতীয় পর্যায়ের এই গুরুত্বপূর্ণ অনুষ্ঠান সফল করতে সকলেই সহযোগিতা করবেন বলেও তারা আশা প্রকাশ করেন।

রাষ্ট্রপতি সাহাবুদ্দীন বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানের উদ্যোগের প্রশংসা করে বলেন, নিয়মিত সমাবর্তন অনুষ্ঠিত হলে তা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার শান্তিপূর্ণ পরিবেশ এবং গৌরব ফিরিয়ে আনতে সহায়তা করবে।

-উপাচার্য চ্যান্সেলরকে সমাবর্তন উদ্বোধন করার জন্য আনুষ্ঠানিকভাবে আমন্ত্রণ জানান।